হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
দিনাজপুর

সংক্ষিপ্ত পরিচিতি

চ্যান্সেলর
মো. জিল্লুর রহমান
মহামান্য রাষ্ট্রপতি, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ।

ভাইস চ্যান্সেলর
প্রফেসর ড. মো. আফজাল হোসেন

১. নামকরণ
দেশের উত্তর জনপদের বিশিষ্ট কৃষকনেতা ও তেভাগা আন্দোলনের পথিকৃত মরহুম হাজী মোহাম্মদ দানেশ এর নামানুসারে এ প্রতিষ্ঠানের নামকরণ করা হয়েছে হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (সংক্ষেপে হাবিপ্রবি বা HSTU)।

২. অবস্থান
দিনাজপুর শহর হতে ১০কিলোমিটার উত্তরে 'ঢাকা-রংপুর-দিনাজপুর মহাসড়ক' সংলগ্ন বাঁশের হাট নামক স্থানে অবস্থিত। প্রায় ৮০একর এলাকা জুড়ে এবং বহু প্রজাতির উদ্ভিদসমৃদ্ধ সবুজে ঘেরা এ বিশ্ববিদ্যালয়ের দৃষ্টিনন্দন ক্যাম্পাসটি বিস্তৃত।

৩. শিক্ষার মাধ্যম
যুগের চাহিদানুযায়ী এবং আন্তর্জাতিক পরিমন্ডলে দেশের জনসম্পদের গ্রহণযোগ্যতা বাড়াতে শিক্ষার মাধ্যম ইংরেজি করা হয়েছে।

৪. শিক্ষা পদ্ধতি
কোর্স ক্রেডিট সিমেস্টার সিস্টেম প্রবর্তন করা হয়েছে। এতে প্রতি শিক্ষাবর্ষে ২টি সিমেস্টার (জানুয়ারী-জুন এবং জুলাই-ডিসেম্বর) এবং ১টি শর্ট সিমেস্টার (জানুয়ারীতে) রয়েছে। এছাড়া, অনুসরণ করা হয় একাডেমিক ক্যালেন্ডার। অধিকন্তু, পরীক্ষা শেষের মাত্র ২ সপ্তাহের মধ্যে ফলাফল প্রকাশ করা হয়। তাই, এ বিশ্ববিদ্যালয়ে কোন সেসন জট নেই।

৫. ক্রেডিট আওয়ার
প্রতি সিমেস্টারে সপ্তাহপ্রতি ৫০মিনিটের ১টি তত্ত্বীয় ক্লাশ ১ ক্রেডিট আওয়ার হিসেবে বিবেচিত হয়। পক্ষান্তরে, ব্যবহারিক ক্লাশের ক্ষেত্রে প্রতি সিমেস্টারে সপ্তাহে অনুরূপ ৩টি ক্লাশ সর্বোচ্চ ২ ক্রেডিট আওয়ার হিসেবে বিবেচিত হয়।

৬. সিমেস্টার বিন্যাস
প্রতিটি সিমেস্টারের বিন্যাস নিম্নরূপ-

ক্রমিক নং	বিষয়	ন্যূনতম সময় (সপ্তাহ)
১	ক্লাস	১৪
২	ফাইনাল পরীক্ষার প্রস্তুতির সময়	২
৩	ফাইনাল পরীক্ষা	৩
৪	ফলাফল প্রকাশ	২
		মোট = ২১ সপ্তাহ

৭. নম্বর বন্টন
প্রতিটি কোর্সের নম্বর বন্টন নিম্নরুপ-

ক্রমিক নং	বিষয়	নম্বর বন্টন (%)
১	ক্লাসে উপস্থিতি	১০
২	কুইজ পরীক্ষা / ক্লাস টেষ্ট	১০
৩	মিড সিমেস্টার পরীক্ষা	২০
৪	ফাইনাল পরীক্ষা	৬০
		মোট = ১০০

কুইজ পরীক্ষার সংখ্যা = ক্রেডিট আওয়ার + ১। অর্থাৎ ২ ক্রেডিট আওয়ারের প্রতিটি বিষয়ে ৩টি এবং ৩ ক্রেডিট আওয়ারের প্রতিটি বিষয়ে ৪টি করে কুইজ পরীক্ষা অনুষ্ঠিত হয়।

৮. গবেষণাগার

ব্যবহারিক ক্লাসের জন্য বিভিন্ন বিভাগে গবেষণাগার রয়েছে।

৯. ছাত্র-ছাত্রী নিবাস (ডরমিটরী / হল)

ছাত্রদের জন্য ৩টি এবং ছাত্রীদের জন্য ১টি ডরমিটরী আছে। বর্তমানে আসন খালি না থাকায় ভর্তিকৃত কোন ছাত্র-ছাত্রীকে আবাসন সুবিধে দেয়া যাবে না।

১০. গ্রন্থাগার

আধুনিক সুযোগ সুবিধেসহ একটি গ্রন্থাগার রয়েছে। এতে বই আছে প্রায় ২০ হাজার।

১১. এম.এস. এবং পিএইচ.ডি. কার্যক্রম

বর্তমানে এগ্রিকালচার, ভেটেরিনারী এন্ড এনিম্যাল সায়েন্স ও বি.এস. অনুষদের বিভিন্ন বিভাগে এম.এস./এম.বি.এ. এবং পিএইচ.ডি. ডিগ্রী প্রদানের কার্যক্রম চলছে। পর্যায়ক্রমে অন্যান্য অনুষদের বিভিন্ন বিভাগেও এসকল কার্যক্রম শুরু হবে।

১২. গবেষণা ও প্রশিক্ষণ কার্যক্রম

বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন গবেষণা ও প্রশিক্ষণ কার্যক্রমের সমন্বয়ের জন্য রয়েছে ইন্‌স্টিটিউট অভ্ রিসার্চ এন্ড টেনিং (আই.আর.টি.)। কৃষি মন্ত্রণালয় ও বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের অর্থায়নে ‘বীজ প্রযুক্তি’ বিষয়ে ইতোমধ্যেই ৪টি ব্যাচে মোট ৮০জন কৃষি গ্রাজুয়েটকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। এছাড়া, বর্তমানে বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের অর্থায়নে ‘পোষ্টগ্রাজুয়েট ডিপ্লোমা ইন ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি’ শীর্ষক এক বছর মেয়াদী প্রশিক্ষণ কোর্সের ২টি ব্যাচের কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং বর্তমানে ৩য় ব্যাচের কার্যক্রম চলছে।

১৩. অনুষদ সমূহ

১. এগ্রিকালচার
২. কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং
৩. বিজনেস স্টাডিজ
৪. ফিসারিজ
৫. এগ্রোইন্ডাস্ট্রিয়াল এন্ড ফুড প্রসেস ইঞ্জিনিয়ারিং
৬. ভেটেরিনারি এন্ড এনিম্যাল সায়েন্স

১৪. খেলাধুলা, শরীরচর্চা ও বিনোদন

৩টি খেলার মাঠ, ১টি উন্নত ব্যায়ামাগার ও ৫০০আসনের ১টি আধুনিক মিলনায়তন আছে।

১৫. জার্নাল

এ বিশ্ববিদ্যালয় ৮/৪/২০০২ তারিখে প্রতিষ্ঠিত হলেও ২০০৩ সাল থেকেই J. sci. technol. নামে একটি বৈজ্ঞানিক Journal (ISSN 1994-0386) প্রকাশিত হয়ে আসছে।

১৬. দ্বিপাক্ষিক চুক্তি স্বাক্ষর (MOU)

বিদেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও প্রতিষ্ঠানের সাথে দ্বিপাক্ষিক চুক্তিও হয়েছে। এতে ঐসকল প্রতিষ্ঠানের সাথে এ বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণার ক্ষেত্রে যোগাযোগ প্রতিষ্ঠা হবে।

হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
দিনাজপুর
২০১০ শিক্ষাবর্ষে ৬টি অনুষদে স্নাতক
লেভেল ১ সিমেস্টার ১-এ ছাত্র-ছাত্রী

ভর্তির নির্দেশিকা

১। অনুষদ, ডিগ্রী ও আসনসংখ্যা

বর্তমানে ৫টি অনুষদ থেকে ৮ সিমেস্টারে বিভক্ত ৪ বছর মেয়াদী ৭টি এবং ভেটেরিনারি এন্ড এনিম্যাল সায়েন্স থেকে ৫ বছর মেয়াদী ১টি ডিগ্রী দেওয়া হয়। এদের বিবরণ ও আসনসংখ্যা নিম্নরূপঃ

অনুষদ	ডিগ্রী	আসন
১। এগ্রিকালচার	বি.এসসি. এজি. (অনার্স)	২০০
২। কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং	বি.এসসি. কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং	৩৫
	বি.এসসি. টেলিকমিউনিকেশন এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং	৩৫
৩। বিজনেস স্টাডিজ	বি.বি.এ. (ব্যাচেলর অব বিজনেস এডমিনিস্ট্রেশন)	১২০
৪। ফিসারিজ	বি.এসসি. ফিসারিজ (অনার্স)	৬০
৫। এগ্রোইন্ডাষ্ট্রিয়াল এন্ড ফুড প্রসেস ইঞ্জিনিয়ারিং	বি.এসসি. ফুড এন্ড প্রসেস ইঞ্জিনিয়ারিং	৩৫
	বি.এসসি. এগ্রিল. এন্ড বায়োরিসোর্স ইঞ্জিনিয়ারিং	৩৫
৬। ভেটেরিনারি এন্ড এনিম্যাল সায়েন্স	ডি.ভি.এম.	৬০
		সর্বমোট = ৫৮০

২। সংরক্ষিত আসন

ক) 'ক' ইউনিটে মুক্তিযোদ্ধা সন্তানদের জন্য ৫টি, উপজাতি / আদিবাসীদের জন্য ৩টি 'খ' ইউনিটে মুক্তিযোদ্ধা সন্তানদের জন্য ২টি ও উপজাতি/আদিবাসীদের জন্য ১টি এবং 'গ' ইউনিটের ক্ষেত্রে 'খ' ইউনিটের অনুরূপ হবে।

খ) এ বিশ্ববিদ্যালয়ের কর্মরত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী সন্তানদের জন্য ১% আসন সংরক্ষিত থাকবে।

গ) বিদেশী ছাত্র-ছাত্রীদের ক্ষেত্রে কৃষি অনুষদে ৩টি, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং অনুষদে ৬টি, বিজনেস স্টাডিজ অনুষদে ২টি, ফিসারিজ অনুষদে ২টি, এগ্রোইন্ডাষ্ট্রিয়াল এন্ড ফুড প্রসেস ইঞ্জিনিয়ারিং অনুষদে ২টি ও ডি.ভি.এম. অনুষদে ৪টি আসন রয়েছে।

৩। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদনের ন্যূনতম যোগ্যতা

ক) প্রার্থীকে বাংলাদেশের যেকোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড / মাদ্রাসা শিক্ষাবোর্ড / কারিগরী শিক্ষাবোর্ড থেকে ২০০৮ বা ২০০৯ সালে অনুষ্ঠিত উচ্চ মাধ্যমিক / সমমানের পরীক্ষায় পাশ হতে হবে। এছাড়া, এস.এস.সি. / সমমান এবং এইচ.এস.সি. / সমমানের পরীক্ষায় গ্রেড পদ্ধতির প্রতিটিতে কমপক্ষে ৩.০০সহ সর্বমোট জিপিএ ৬.৫ থাকতে হবে। তবে, এগ্রিকালচার, ফিসারিজ ও ভেটেরিনারী এন্ড এনিম্যাল সায়েন্স অনুষদের বেলায় চতুর্থ বিষয়ে ন্যূনতম C গ্রেড থাকতে হবে।

অথবা

`O` এবং `A` লেভেল পাশকৃতদের জন্য `O` লেভেলে কমপক্ষে ৫টি বিষয়ে গড়ে `B` গ্রেড এবং `A` লেভেলে পদার্থ, রসায়ন, জীব বিজ্ঞান ও গণিত/কৃষি বিজ্ঞানের প্রতিটিতে কমপক্ষে গড়ে `C` গ্রেড পেতে হবে।

অথবা

বিদেশী শিক্ষা বোর্ড হতে সমমানের পরীক্ষায় কমপক্ষে সমতূল্য গ্রেড পেতে হবে।

খ) ২০০৬ সালের আগে এস.এস.সি./সমমানের পরীক্ষায় পাশকৃতরা আবেদনের অযোগ্য।

৪। ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য ইউনিট, অনুষদ ও পঠিত বিষয়

ইউনিট	অনুষদ	উচ্চ মাধ্যমিক পর্যায়ে পাশকৃত বিষয়
ক	১। এগ্রিকালচার	১. পদার্থবিদ্যা, ২. রসায়ন, ৩. জীব বিজ্ঞান, ৪. গণিত/কৃষি বিজ্ঞান
	২। ফিসারিজ	ঐ
	৩। ভেটিরিনারি এন্ড এনিম্যাল সায়েন্স	ঐ
খ	১। কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং	১. পদার্থবিদ্যা, ২. রসায়ন ও ৩. গণিত
	২। এগ্রোইন্ডাষ্ট্রিয়াল এন্ড ফুড প্রসেস ইঞ্জিনিয়ারিং	ঐ
গ	১। বিজনেস স্টাডিজ	**ক) বাণিজ্য বিভাগ-** ১. একাউন্টিংসহ ২টি ঐচ্ছিক বিষয় **খ) বিজ্ঞান বিভাগ-** ১. পদার্থবিদ্যা, ২. রসায়ন, ৩. গণিত, ৪. জীব বিজ্ঞান / কৃষি বিজ্ঞান

৫। আবেদন ফরম প্রাপ্তি

বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (http://www.hstu.ac.bd/admission) থেকে ভর্তি ফরম ও ভর্তি নির্দেশিকা বিনা মূল্যে ডাউনলোড করা যাবে।

৬। আবেদনের নিয়মাবলী

ক) প্রত্যেক ইউনিটের জন্য নির্ধারিত ফরমে পৃথক পৃথকভাবে আবেদন করতে হবে।

খ) আবেদন ফরম সঠিকভাবে পূরণ করে প্রয়োজনীয় কাগজপত্রসহ **রেজিস্ট্রার, হাজী মোহাম্মদ দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দিনাজপুর**- এ ঠিকানায় সরাসরি বা ডাকযোগে ২৯ / ১০ / ২০০৯ তারিখ বিকেল ৫টার মধ্যে পৌঁছাতে হবে। প্রবেশপত্র ডাকযোগে পেতে হলে প্রার্থীকে নিজ ঠিকানাযুক্ত ২৫ ঢ ১২ সে.মি. আকারের ১টি করে খামের উপর ৬ টাকা হারে অব্যবহৃত ডাক টিকিট লাগিয়ে আবেদন ফরমের সাথে জমা দিতে হবে। উল্লেখ্য, আবেদন ফরম বিশ্ববিদ্যালয় অফিসে জমা দিলে যাচাই পূর্বক জমার তারিখেই প্রবেশপত্র সংগ্রহ করা যেতে পারে।

গ) কাগজপত্র

যেসকল কাগজপত্র জমা দিতে হবে

১। এস.এস.সি. / সমমান এবং এইচ.এস.সি./সমমান পরীক্ষা পাশের গ্রেডশীট/ মার্কশীট।

২। প্রার্থীর সদ্য তোলা পাসপোর্ট সাইজের ২কপি ছবি (ফরমের নির্ধারিত স্থানে সাদা স্কচ টেপ / আইকা দিয়ে লাগাতে হবে)।

৩। **ভর্তি পরীক্ষার ফি বাবদ সচিব, ভর্তি কমিটি, হাবিপ্রবি বরাবর, রূপালী ব্যাংক হাবিপ্রবি শাখার অনুকূলে বাংলাদেশের যে কোন তফশিলী ব্যাংক থেকে ৪৫০/- (চারশত পঞ্চাশ) টাকার ব্যাংক ড্রাফট/পে অর্ডার দাখিল করতে হবে।**

৪। সংরক্ষিত আসনের ক্ষেত্রে তৎসংক্রান্ত গ্রহণযোগ্য সনদপত্র।

৭। ভর্তি পরীক্ষা MCQ পদ্ধতিতে হবে। উত্তর পত্র মূল্যায়নের OMR শীট-এর ঘরগুলো কালো বল পয়েন্ট পেন দ্বারা ভরাট করতে হবে।

৮। ভর্তি পরীক্ষার নম্বর ও মূল্যায়ন

২০০ নম্বরের উপর মেধাস্কোর করে প্রার্থী নির্বাচন করা হবে। তন্মধ্যে ভর্তি পরীক্ষায় ১০০ (MCQ) এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় প্রাপ্ত গ্রেড অনুসারে যথাক্রমে ৪০% ও ৬০% = ১০০ নম্বর (মোট ২০০ নম্বর) থাকবে।

৯। ইউনিটভিত্তিক লিখিত পরীক্ষার বিষয় ও নম্বর বন্টন

‘ক’ ইউনিট

<table>
<tr><th>অনুষদ</th><th>পরীক্ষার বিষয়</th><th>নম্বর</th></tr>
<tr><td rowspan="5">১. এগ্রিকালচার
২. ফিসারিজ ও
৩. ভেটেরিনারি এন্ড এনিম্যাল সায়েন্স</td><td>পদার্থ</td><td>২৫</td></tr>
<tr><td>রসায়ন</td><td>২৫</td></tr>
<tr><td>জীব বিজ্ঞান</td><td>২৫</td></tr>
<tr><td>ইংরেজী</td><td>২৫</td></tr>
<tr><td colspan="2">মোট =১০০</td></tr>
</table>

‘খ’ ইউনিট

<table>
<tr><th>অনুষদ</th><th>পরীক্ষার বিষয়</th><th>নম্বর</th></tr>
<tr><td rowspan="5">১. কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং ও
২. এগ্রোইন্ডাষ্ট্রিয়াল এন্ড ফুড প্রসেস ইঞ্জিনিয়ারিং</td><td>পদার্থ</td><td>২৫</td></tr>
<tr><td>রসায়ন</td><td>২৫</td></tr>
<tr><td>গণিত</td><td>২৫</td></tr>
<tr><td>ইংরেজী</td><td>২৫</td></tr>
<tr><td colspan="2">মোট =১০০</td></tr>
</table>

‘গ’ ইউনিট

<table>
<tr><th>অনুষদ</th><th>পরীক্ষার বিষয়</th><th>নম্বর</th></tr>
<tr><td>১. বিজনেস স্টাডিস</td><td></td><td></td></tr>
<tr><td rowspan="5">ক) বাণিজ্য বিভাগের ক্ষেত্রে</td><td>বিজনেস পলিসি এন্ড ম্যানেজমেন্ট</td><td>২৫</td></tr>
<tr><td>কমার্শিয়াল জিওগ্রাফি এন্ড ইকোনোমিক্স</td><td>২৫</td></tr>
<tr><td>একাউন্টিং</td><td>২৫</td></tr>
<tr><td>ইংরেজী</td><td>২৫</td></tr>
<tr><td colspan="2">মোট =১০০</td></tr>
<tr><td rowspan="5">খ) বিজ্ঞান বিভাগের ক্ষেত্রে</td><td>গণিত</td><td>২৫</td></tr>
<tr><td>পদার্থ</td><td>২৫</td></tr>
<tr><td>রসায়ন</td><td>২৫</td></tr>
<tr><td>ইংরেজী</td><td>২৫</td></tr>
<tr><td colspan="2">মোট =১০০</td></tr>
</table>

১০। মেধাস্কোর নির্ধারণ

ক) লিখিত নির্বাচনী পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সঙ্গে এস.এস.সি. / সমমানের পরীক্ষায় প্রাপ্ত গ্রেডের ৮গুণ এবং এইচ.এস.সি. / সমমানের পরীক্ষায় প্রাপ্ত গ্রেডের ১২গুণ নম্বর যোগ করে মোট নম্বরের ভিত্তিতে মেধাক্রম নির্ধারণ করা হবে। এ অনুসারে মেধা তালিকার জন্য নির্ধারিত ৫৮০ জনের একটি মেধা তালিকা ছাড়াও একটি অপেক্ষমান তালিকা প্রণয়ন করা হবে।

খ) 'গ' ইউনিটের ক্ষেত্রে মোট আসনের ৫০% বাণিজ্য বিভাগের জন্য সংরক্ষিত থাকবে।

গ) সংরক্ষিত আসনের ক্ষেত্রেও একই পদ্ধতিতে মেধাক্রম অনুযায়ী মেধা ও অপেক্ষমান তালিকা তৈরী করা হবে। তবে, আবেদনকারীর ভর্তি পরীক্ষার লিখিত অংশে কমপক্ষে ৩০ নম্বর অবশ্যই পেতে হবে।

১১। স্বাস্থ্য পরীক্ষা

মেধা ও অপেক্ষমান তালিকাভুক্ত প্রার্থীদের ভর্তির তারিখে **(যথাক্রমে ৬ ও ৭ এবং ৯ ও ১০ ডিসেম্বর ২০০৯)** বিশ্ববিদ্যালয়ের অনুমোদিত ডাক্তার দ্বারা স্বাস্থ্য পরীক্ষা করতে হবে। এতে কেউ অনুপযুক্ত হলে সে ভর্তির জন্য অযোগ্য হবে।

১২। ভর্তির কার্যক্রম

লিখিত ও স্বাস্থ্য পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীকে এস.এস.সি./সমমানের পরীক্ষার মূল সার্টিফিকেট, মূল গ্রেডশীট এবং এইচ.এস.সি./সমমানের পরীক্ষার সার্টিফিকেট/প্রসংসাপত্র, মূল গ্রেডশীট এবং প্রার্থী সর্বশেষ যে প্রতিষ্ঠানে অধ্যয়ন করেছে, তার প্রধান কর্তৃক প্রদত্ত প্রশংসাপত্র অবশ্যই জমা দিতে হবে।

ক) মেধা ও কোটা অনুযায়ী ভর্তি প্রক্রিয়া **'ক' ইউনিট ৬ ডিসেম্বর '০৯ এবং 'খ' ও 'গ' ইউনিট ৭ ডিসেম্বর '০৯** তারিখে সম্পন্ন করা হবে। এ লক্ষ্যে প্রার্থীকে ভর্তির ফরম ও অন্যান্য ফরম **ভর্তি কমিটির সচিব** কার্যালয় হতে সংগ্রহ করে তা সংশ্লিষ্ট অনুষদীয় ডীন, প্রক্টর ও ডরমিটরী/ হল সুপার দ্বারা স্বাক্ষর করানোর পর রেজিস্ট্রারের স্বাক্ষর নিয়ে হিসাব শাখা কর্তৃক নির্ধারিত ফি নিরীক্ষণ সাপেক্ষে নির্ধারিত ফি রূপালী ব্যাংক লি., বিশ্ববিদ্যালয় শাখায় প্রদান করে ভর্তি ফরম ও অন্যান্য ফরম / ফি জমা দেওয়ার রসিদ রেজিস্ট্রার অফিসে জমা দিলে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন হবে।

খ) মেধা ও কোটা তালিকা হতে ভর্তি হওয়ার পর খালি আসনের (যদি থাকে) সংখ্যা ঐ রাতে ঘোষণা করা হবে। অপেক্ষমান তালিকা হতে পরবর্তীতে শূন্য আসনে প্রার্থীদের মেধাক্রম অনুযায়ী একই পদ্ধতিতে ভর্তি করা হবে। উল্লেখ্য, অপেক্ষমান তালিকার ক ইউনিটের প্রার্থীদের ৯ ডিসেম্বর '০৯ এবং 'খ' ও 'গ' ইউনিটের প্রার্থীদের ১০ ডিসেম্বর '০৯ সকাল ১১টার মধ্যে রেজিস্ট্রার অফিসে অবশ্যই রিপোর্ট করতে হবে।

গ) সংরক্ষিত কোটায় আসন শূন্য থাকলে তা মেধা তালিকা হতে **১০ ডিসেম্বর '০৯** পূরণ করা হবে।

১৩। ভর্তিসহ আনুষাঙ্গিক ফি

ক) কেন্দ্রীয়ভাবে আদায়যোগ্য ফি

১। ভর্তির সময়ে এককালীন প্রদেয় ভর্তি ফি =৪,০০০/-

২। প্রথম সিমেস্টারের (৬ মাসের) জন্য আদায়যোগ্য ফি

i) বিভিন্ন অনুষদের জন্য কোর্স ফি

ক্রমিক নং	অনুষদ	টাকা
১	কৃষি অনুষদ (প্রতি ক্রেডিট আওয়ারের জন্য ১০০ টাকা হারে)	১,৯০০/-
২	কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং অনুষদ	
	ক) কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং	১,৭২৫/-
	খ)টেলিকমিউনিকেশন এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং	১,৮০০/-
৩	বিজিনেস স্টাডিজ অনুষদ	১,৮০০/-
৪	এগ্রোইন্ডাস্ট্রিয়াল এন্ড ফুড প্রসেস ইঞ্জিনিয়ারিং অনুষদ	
	ক) এগ্রিকালচারাল এন্ড বায়োরিসোর্স ইঞ্জিনিয়ারিং	১,৯০০/-
	খ) ফুড এন্ড প্রসেস ইঞ্জিনিয়ারিং	১,৯০০/-
৫	ফিসারিজ অনুষদ	১,৮৫০/-
৬	ভেটেরিনারি এন্ড এনিম্যাল সায়েন্স অনুষদ	১,৯০০/-

ii) সকল অনুষদের জন্য সাধারণ ফি

ক্রমিক নং	বিষয়	টাকা
১	বিদ্যুৎ ফি (প্রতি মাসের জন্য ২৫টাকা হারে) ৬ x ২৫/-	১৫০/-
২	পরিবহন ফি (প্রতি মাসের জন্য ১৫টাকা হারে) ৬ x ১৫/-	৯০/-
৩	কেন্দ্রীয় সংসদ ফি	১০০/-
৪	কেন্দ্রীয় ক্রীড়া ফি	৫০/-
৫	ছাত্রকল্যাণ ফি	২৫/-
৬	এনরোলমেন্ট ফি	৭৫/-
৭	কেন্দ্রীয় কমনরুম ফি	৭৫/-
৮	মিড সিমেস্টার পরীক্ষার ফি (তত্ত্বীয় ও ব্যবহারিক)	২০০/-
৯	সিমেস্টার ফাইনাল পরীক্ষার ফি (তত্ত্বীয় ও ব্যবহারিক)	৩০০/-
১০	ট্রান্সক্রিপ্ট ফি / গ্রেড সীট	৭০/-
১১	প্রবেশপত্র ফি	২৫/-
১২	কেন্দ্র ফি	২০০/-
১৩	বিবিধ	১৫/-
(একহাজার তিন শত পচাত্তর টাকা মাত্র)		মোট = ১,৩৭৫/-

খ) ডরমিটরী কর্তৃক আদায়যোগ্য ফি

১। আবাসিক ছাত্র-ছাত্রীদের জন্য ফি

i) ভর্তিকালে এককালীন আদায়যোগ্য-

ক্রমিক নং	বিষয়	টাকা
১	ডরমিটরীর ভর্তি ফি	৫০০/-

ii) বার্ষিক ফি

ক্রমিক নং	বিষয়	টাকা
১	ডরমিটরী সংস্থাপন ফি (মাসপ্রতি ৩০ টাকা হারে) ১২ x ৩০	৩৬০/-
২	ডরমিটরী সেসন ফি	১৫০/-
৩	তৈজসপত্র ফি	১০০/-
৪	ডরমিটরী সংসদ ফি	১০০/-
৫	ডরমিটরী কমনরুম ফি	১২০/-
৬	ইনডোর গেমস ফি (মাসপ্রতি ১০ টাকা হারে) ১০ x ১২	১২০/-
৭	সমাজকল্যাণ ফি (মাসপ্রতি ৫টাকা হারে) ৫ x ১২	৬০/-
(এক হাজার দশ টাকা মাত্র)		মোট = ১,০১০/-

তাই, আবাসিক ছাত্র-ছাত্রীদের জনপ্রতি সর্বমোট = (৫০০+১০১০) = ১৫১০ (এক হাজার পাঁচশত দশ) টাকা মাত্র জমা দিতে হবে।

২। অনাবাসিক ছাত্র-ছাত্রীদের জন্য দেয় ফি

i) এককালীন আদায়যোগ্য-

ক্রমিক নং	বিষয়	টাকা
১	ডরমিটরীর এটাচ্‌মেন্ট ফি	৫০০/-

ii) বার্ষিক ফি

ক্রমিক নং	বিষয়	টাকা
২	ডরমিটরী সংসদ ফি	১০০/-
৪	ইনডোর গেমস ফি (মাসপ্রতি ১০ টাকা হারে) ১০ x ১২	১২০/-
৬	সমাজকল্যাণ ফি (মাসপ্রতি ৫টাকা হারে) ৫ x ১২	৬০/-
৭	ডরমিটরী সেসন ফি	১৫০/-
	(চারশত ত্রিশ টাকা মাত্র)	মোট = ৪৩০/-

তাই, অনাবাসিক ছাত্র-ছাত্রীদের জনপ্রতি সর্বমোট = (৪৩০ +২০০) = ৬৩০ (ছয়শত ত্রিশ) টাকা মাত্র জমা দিতে হবে।

১৪। ফলাফল ও ভর্তি বাতিল

প্রার্থী কর্তৃক উপস্থাপিত তথ্যে কোন ভুল পরে ধরা পড়লে অথবা যদি দেখা যায় যে, প্রার্থীর ভর্তির ন্যূনতম যোগ্যতা ছিল না, সেক্ষেত্রে সংশ্লিষ্ট প্রার্থীর লিখিত নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের অনুমতি বা লিখিত নির্বাচনী পরীক্ষার ফলাফল বাতিল করা হবে। এমনকি, শিক্ষা বোর্ড কর্তৃক যাচাইয়ের মাধ্যমে সনদপত্র ও নম্বরপত্রে কোন জালিয়াতি পাওয়া গেলে ভর্তি বাতিলসহ প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া হবে। ভর্তি পরীক্ষার আবেদন ফরম এবং ভর্তির মূল ফরমে একই ছবি ও একই স্বাক্ষর না থাকলে ভর্তি বাতিল হবে।

১৫। ভর্তি সংক্রান্ত আইন সংশোধন, পরিবর্তন ইত্যাদি

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ প্রয়োজনে যেকোন আইন সংশোধন, সংযোজন বা পরিবর্তনের ক্ষমতা রাখে।

১৬। ভর্তি সংক্রান্ত সময়সূচী

বিষয়	তারিখ, বার ও সময়
আবেদন ফরম সংগ্রহ	পত্রিকায় বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে পাওয়া যাবে
আবেদন ফরম রেজিস্ট্রারের অফিসে পৌঁছানোর শেষ সময়	২৯ অক্টোবর ২০০৯ বৃহস্পতিবার বিকাল ৫.০০টা
ভর্তি পরীক্ষার তারিখ ও সময়	১৪ নভেম্বর ২০০৯ শনিবার
	‘ক’ ইউনিট- সকাল ১০.৩০ মিনিটে
	‘খ’ ইউনিট- দুপুর ১২.৩০ মিনিটে
	‘গ’ ইউনিট- বিকাল ৩.০০ মিনিটে
ফলাফল প্রকাশ	১৭ নভেম্বর ২০০৯ মঙ্গলবার
মেধা তালিকা হতে ভর্তি	‘ক’ ইউনিট ৬ ডিসেম্বর ২০০৯
	‘খ’ ও ‘গ’ ইউনিট ৭ ডিসেম্বর ২০০৯
অপেক্ষমান তালিকা হতে ভর্তি	‘ক’ ইউনিট ৯ ডিসেম্বর ২০০৯
	‘খ’ ও ‘গ’ ইউনিট ১০ ডিসেম্বর ২০০৯
সংরক্ষিত কোটার শূন্য আসনে ভর্তি	১০ ডিসেম্বর ২০০৯
ওরিয়েন্টেশন	৬ জানুয়ারী ২০১০ বুধবার সকাল ১০.৩০টা
ক্লাস শুরু	০৭ জানুয়ারী ২০১০ বৃহস্পতিবার

১৭। ভর্তির সময়ে অনুষদ ও ডিগ্রী অনুযায়ী দেয় সর্বমোট টাকার পরিমাণ নিম্নরূপ-

অনুষদ	ডিগ্রী	আবাসিক	অনাবাসিক
১. এগ্রিকালচার	১. বি.এসসি. এজি (অনার্স)	৮,৭৮৫/-	৭,৯০৫/-
২. কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং	২. বি.এসসি. কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং	৮,৬১০/-	৭,৭৩০/-
	৩. বি.এসসি. টেলিকমিউনিকেশন এন্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং	৮,৬৮৫/-	৭,৮০৫/-
৩. বিজনেস স্টাডিজ	৪. বি. বি. এ.	৮,৬৮৫/-	৭,৮০৫/-
৪. ফিসারিজ	৫. বি.এসসি. ফিশারিজ (অনার্স)	৮,৭৩৫/-	৭,৮৫৫/-
৫. এগ্রোইন্ডাষ্টিয়াল এন্ড ফুড প্রসেস ইঞ্জিনিয়ারিং	৬. বি.এসসি. ফুড এন্ড প্রসেস ইঞ্জিনিয়ারিং	৮,৭৮৫/-	৭,৯০৫/-
	৭. বি.এসসি. এগ্রিকালচারাল এন্ড বায়োরিসোর্স ইঞ্জিনিয়ারিং	৮,৭৮৫/-	৭,৯০৫/-
৬. ভেটেরিনারি এন্ড এনিম্যাল সায়েন্স	৮. ডি.ভি.এম.	৮,৭৮৫/-	৬,৮৮৫/-

১৮। অনুসন্ধান

(০৫৩১) ৬৫৪২৯ অফিস
৬১৩৬৬ ডীন, কৃষি অনুষদ
৫১৭৩৫ ডীন, এগ্রোইন্ডাষ্টিয়াল এন্ড ফুড প্রসেস ইঞ্জিনিয়ারিং
৫১৭৩৯ ডীন, বি.এস.
৬১৩৪৭ ডীন,ভেটেরিনারি এন্ড এনিম্যাল সায়েন্স

৬১৩৫৫ রেজিস্ট্রার
৫১০১৭ প্রক্টর
৫১০১৮ পরিচালক (ছাত্র পরামর্শ ও নির্দেশনা)
৫১৭৩৬ পি আর ও

বি. দ্র.ঃ

- সাপ্তাহিক ছুটি শুক্র ও শনিবার।
- **বর্তমানে আবাসিক হল সমূহে আসন খালি না থাকায় ভর্তিকৃত কোন ছাত্র-ছাত্রীকে আবাসন সুবিধা দেয়া যাবেনা।**